

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬০১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য বৈধ হলো মসজিদ নির্মানে সহযোগিতা করা যদিও তা কায়িক শ্রমের মাধ্যমেও হয়

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُعِين فِي بِنَاءِ الْمَسَاجِدِ وَلَوْ بِنَفْسِهِ

আরবী

1601 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ بِبُسْتَ قَالَ: حَدَّثَنَا حُسَيْنُ بْنُ مَهْدِي قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنِا ابْنُ جُرَيْجِ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ دِينَارٍ: أَنَّهُ سَمِعَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ يَقُولُ: لَمَّا بُنِيَتِ الْكَعْبَةُ ذَهَبَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْعَبَّاسُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَقُولُ: لَمَّا بُنِيَتِ الْكَعْبَةُ ذَهَبَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْعَبَّاسُ يَنْقُلُانِ الْحِجَارَةَ فَقَالَ الْعَبَّاسُ لِلنَّبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ضَعْ إِزَارَكَ عَلَى عَاتِقِكَ مِنَ يَنْقُلُانِ الْحِجَارَةِ قَالَ: (إِزَارِي الْحِجَارَةِ قَالَ: (إِزَارِي وَطَمَحَتْ عَيْنَاهُ إِلَى السَّمَاءِ ثُمَّ قَامَ فَقَالَ: (إِزَارِي إِزَارِي) فَشَدَّ عليه إزاره.

الراوي: جَابِر بْن عَبْدِ اللَّهِ اللَّمِدت: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1601 | خلاصة حكم المحدث: صحيح ـ ((فقه السيرة)) (ص 80).

বাংলা

১৬০১. জাবির বিন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "যখন কা'বা ঘর নির্মাণ করা হয়, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও আব্বাস রাদিয়াল্লাহু আনহু পাথর বহন করার জন্য যান। তখন আব্বাস রাদিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন, "তুমি পাথরের আঘাত থেকে বাঁচার জন্য তোমার লুন্দি কাঁধের উপর রাখো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাই করেন। অতঃপর তিনি জমিনে লুটিয়ে পড়েন আর তাঁর চোখ আসমান পানে তাকিয়ে থাকে। তারপর তিনি (জ্ঞান ফিরে পেয়ে) উঠেন এবং বলেন, "আমার লুন্দি দাও, আমার লুন্দি দাও।" তারপর তিনি লুন্দি বেঁধে নেন।"[1]

ফুটনোট



[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১১০৩; মুসনাদ আহমাদ: ৩/২৯৫; সহীহ আল বুখারী: ৩৮২৯; সহীহ মুসলিম: ৩৪০; মুসনাদ আহমাদ: ৩/৩৮০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ফিকহুস সীরাহ; ৮০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন